60

দৈনিক বাংলা

তারিখ .. 27/9/78 ...
পৃষ্ঠা .. 5 .. কলাম .. 4 ...

258

## শিক্ষা উপদেষ্টা বোর্ডের প্রতিনিধিত্ব চাই

বর্তমান সরকার শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজানোর জন্যে মাননীয় শিক্ষামন্ত্রীর নেতৃত্বে ৩২ সদস্য-বিশিষ্ট শিক্ষা উপদেষ্টা বোর্ড গঠন করেছেন। এই বোর্ডের সদস্য হিসাবে প্রাথমিক বিদ্যালয় থেকে দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত সর্ব পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান থেকে প্রতিনিধি গ্রহণ করেছেন। এই পদক্ষেপকে বাংলাদেশ সরকারী বাণিজ্যিক ইনস্টিটিউট, ছাত্র পরিষদের পক্ষ থেকে অভিনন্দন জানাই।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ডিপ-ইন-কমার্স একটি গুরুত্বপূর্ণ কর্মসূচী এই কর্মসূচী পরিচালিত হয় কারিগরি শিক্ষায় শিক্ষিত লোক দ্বারা কমার্সের লোক সেখানে নেই। অথচ এই কর্মসূচীর অধীনে প্রায় প্রতি জেলায় একটি করে (ঢাকা বাদে সব কটি পলিটেকনিকের সাথে সংযুক্ত) কমার্স ইনস্টিটিউট আছে। এসব প্রতিষ্ঠান থেকে প্রতি বৎসরই প্রায় ১৫।১৬ শত ছাত্রছাত্রী পাস করে থাকে। তাই এ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান থেকে বাংলাদেশ সরকারী বাণিজ্যিক মহাবিদ্যালয় ছাত্র পরিষদ কর্তৃক নির্বাচিত একজন শিক্ষক প্রতিনিধি শিক্ষা উপদেষ্টা বোর্ডে গ্রহণ করা একান্ত প্রয়োজন মনে করি। কারণ এর আগে যতবারই শিক্ষানীতি প্রণয়ন করা হয়েছে ততবারই তা থেকে কমার্স প্রোগ্রাম বাদ পড়েছে। ফলে কারিগরি পরিচালনা বোর্ডের অধীনে পলিটেকনিকের শতকরা ৪০ জন ছাত্র প্রতি মাসে যেখানে ছাত্রবৃত্তি পাচেছ ৬০ টাকা হারে সেখানে একই বোর্ডের অধীন সমমানের শিক্ষায় শিক্ষিত কমার্সের মাত্র ২০% জন ছাত্র বৃত্তি পাচেছ ৪০ টাকা হারে। এছাড়াও পরীক্ষার সিলেবাস প্রণয়ন এবং আরো বিভিন্ন বিষয়ে কমার্স প্রোগ্রামের নিজস্ব সমস্যা রয়েছে। এসব বৈষম্য ও সমস্যার কারণে শিক্ষা পরিচালকের দফতরে কমার্স প্রোগ্রাম দেখাশুনার জন্যে অন্তত পক্ষে একজন উপ-পরিচালক একজন সহকারী পরিচালক ও একজন সহ পরীক্ষা নিয়ন্ত্রক নিয়োগের প্রয়োজন অনস্বীকার্য। তাছাড়া আমরা মনে করি ব্যবসা-বাণিজ্যের প্রসারের সাথে সাথে আধুনিক অফিস পরিচালনার জন্যে ডিপ-ইন-কমার্স প্রোগ্রাম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারে। একারণেও শিক্ষা উপদেষ্টা বোর্ডের এই কমার্স প্রোগ্রাম থেকে নির্বাচিত একজন শিক্ষক প্রতিনিধি গ্রহণের প্রয়োজন রয়েছে। আশা করি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এব্যাপারে সচেতন রয়েছেন এবং কমার্স প্রোগ্রাম থেকে নবগঠিত শিক্ষা উপদেষ্টা বোর্ডে একজন প্রতিনিধি গ্রহণের আশু ব্যবস্থা করে সে সচেতনতার পরিচয় তারা দেবেন।

—আঃ মোঃ সলিমউল্লাহ (খোকন)
সভাপতি,
বাংলাদেশ সরকারী মহাবিদ্যালয়
ছাত্র পরিষদ কেন্দ্রীয় কার্যালয়।
ঢাকা-৮।